সংবাদ

তারিখ 31 JAN 2017
পৃষ্ঠা ২ কলাম ২

# বিনামূল্যের গণিত বই পায়নি ৪ হাজার শিক্ষার্থী

**প্রতিনিধি, ঈশ্বরদী (পাবনা)**

বছরের প্রথম দিন ঘটা করে বই উৎসব পালন করা হলেও এবার ঈশ্বরদীর এমপিও ননএমপিও মিলিয়ে মোট ৪৫টি স্কুলের ৬ষ্ঠ শ্রেণীর সাড়ে ৪ হাজার শিক্ষার্থীর হাতে এখনো গণিতের নতুন বই পৌঁছেনি। এতে পাঠদান ব্যাহত হচ্ছে, শিক্ষকেরা পড়েছেন বিপাকে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, ঈশ্বরদীর সব মাধ্যমিক বিদ্যালয়ে বিনামূল্যে নতুন বই বিতরণ সম্পন্ন হয়েছে, শুধু গণিত বই বিতরণই বাকি। এবার উপজেলায় ৬ষ্ঠ শ্রেণীতে গণিত বইয়ের চাহিদা ৮ হাজার। এর মধ্যে সাড়ে ৪ হাজার গণিত বই ঈশ্বরদী এসে পৌঁছায়নি। ঈশ্বরদী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, গণিত বইয়ের জন্য প্রতিদিনই শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা এসে খোঁজ নিচ্ছেন। তিনি আরো বলেন একাধিকবার জাতীয় শিক্ষা কার্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের পরিচালককে বিষয়টি জানিয়েছেন। বোর্ড থেকে গত মঙ্গলবার সর্বশেষ জানানো হয়েছে শীঘ্রই গণিতের নতুন বই ঢাকা থেকে ঈশ্বরদী পাঠানো হবে। এই বই ঈশ্বরদী এসে পৌঁছালে বিদ্যালয়গুলোতে বিতরণের ব্যবস্থা করা হবে। উপজেলার লক্ষ্মীকুন্ডা ইউনিয়নের তমিজউদ্দিন উচ্চ বিদ্যালয় সূত্রে জানা যায় গত বৃহস্পতিবার পর্যন্ত ঐ বিদ্যালয়ে গণিতের নতুন বই আসেনি। ৬ষ্ঠ শ্রেণীর শিক্ষার্থীরা জানান, শিক্ষকরা তাদের পুরনো বই সংগ্রহ করতে বলেছেন কিন্তু পুরনো বইয়ের সাথে নতুন বইয়ের পড়া কতটুকু মিলবে তা নিয়ে সংশয়ে পড়েছেন তারা। এ বিষয়ে উপজেলার সাহাপুর ইউনিয়নের নূরজাহান বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল খালেক বলেন ঐ বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণীর ১৬২ জন শিক্ষার্থী গণিতের নতুন বই পাইনি। ফলে পড়াশুনা ঠিকমত করতে পারছে না তারা। অনেকে উপর ক্লাসে উঠে যাওয়াই পরিচিতি শিক্ষার্থীদের পুরোনো বই নিয়ে আসছেন কিন্তু নতুন বইয়ের সিলেবাস সম্পর্কে স্পষ্ট ধারণা না থাকায় পাঠদান সংক্ষিপ্ত করা হয়েছে। এতে করে শিক্ষার্থীদের শিক্ষার মান ক্ষুণ্ন হচ্ছে এবং লেখাপড়ার প্রতি অনীহা তৈরি হচ্ছে।

ঈশ্বরদী